Mr. Hossain, Insp.
Pl. take n/a.
11.9.2024

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
৬৯-৭০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.nctb.gov.bd

২২৬৬
২২/০৯/২৪

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
১১ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৭.০৬.০০০০.৪০২.৭১.০৬৮.০২.৩৩

**বিষয়: ২০২৪ শিক্ষাবর্ষের ষষ্ঠ থেকে নবম শ্রেণির শিখনকালীন মূল্যায়ন এবং বার্ষিক পরীক্ষা গ্রহণ প্রসঙ্গে**

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং- ৩৭.০০.০০০০.০৯১.৩৯.০০১.২৪-৫১৮ তাং ০১.০৯.২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনার সদয় অবগতির্থে জানানো যাচ্ছে যে, ২০২৪ শিক্ষাবর্ষের শুরু থেকে সকল ধারার (সাধারণ, মাদ্রাসা ও কারিগরি) মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ষষ্ঠ থেকে নবম শ্রেণিতে জাতীয় শিক্ষাক্রম ২০২২ এর আলোকে শিখন-শেখানো এবং মূল্যায়ন কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। সূত্রোক্ত পরিপত্রের নির্দেশনার প্রেক্ষিতে মূল্যায়ন বিশেষজ্ঞ, টিটিসির কর্মকর্তা, প্রশিক্ষক, কারিকুলাম বিশেষজ্ঞগণের সমন্বয়ে কর্মশালার মাধ্যমে বিদ্যমান মূল্যায়ন পদ্ধতি পর্যালোচনা করে ২০২৪ শিক্ষাবর্ষের জন্য ষষ্ঠ থেকে নবম শ্রেণির শিখনকালীন মূল্যায়ন কার্যক্রম এবং বার্ষিক পরীক্ষার জন্য প্রশ্ন প্রণয়ন নির্দেশনা, সংক্ষিপ্ত পাঠ্যসূচি, প্রশ্নের কাঠামো, নম্বর বণ্টন এবং নমুনা প্রশ্নপত্র প্রণয়ন করা হয়। মূল্যায়ন নির্দেশনায় সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহ নিজস্ব তত্ত্বাবধানে নিজ নিজ শিক্ষক দ্বারা নির্দেশনা অনুসরণ করে শিখনকালীন মূল্যায়ন কার্যক্রম পরিচালনা এবং বার্ষিক পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন করবেন। প্রণীত প্রশ্নের সাহায্যে ২০২৪ শিক্ষাবর্ষের বার্ষিক পরীক্ষা গ্রহণ করবেন। এ সংক্রান্ত নির্দেশনা আপনার আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অগ্রাধিকারভিত্তিতে প্রেরণ এবং সে মোতাবেক শিখনকালীন এবং বার্ষিক পরীক্ষা গ্রহণের নির্দেশনা প্রদান করা প্রয়োজন। উল্লেখ্য যে, মাদ্রাসা এবং কারিগরি শিক্ষার ধারার বিশেষায়িত বিষয়সমূহ এবং সকল ধারার দশম শ্রেণির মূল্যায়ন কার্যক্রম পূর্বের ধারাবাহিকতায় পরিচালিত হবে।

এমতাবস্থায়, ষষ্ঠ থেকে নবম শ্রেণির জন্য প্রণীত মূল্যায়ন/পরীক্ষা নির্দেশনা, সংক্ষিপ্ত পাঠ্যসূচি, প্রশ্নের কাঠামো, নম্বর বণ্টন এবং নমুনা প্রশ্নপত্র আপনার অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে প্রেরণ এবং শিখনকালীন মূল্যায়ন পরিকল্পনা ও বার্ষিক পরীক্ষা গ্রহণের নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১. মূল্যায়ন কার্যক্রম পরিচালনার সাধারণ নির্দেশনা,
২. ষষ্ঠ, সপ্তম অষ্টম ও নবম শ্রেণির সকল বিষয়ের মূল্যায়ন নির্দেশনা, সংক্ষিপ্ত পাঠ্যসূচি, প্রশ্নের কাঠামো,
নম্বর বণ্টন এবং নমুনা প্রশ্নপত্র।

১১-০৯-২০২৪
ড. এ কে এম রিয়াজুল হাসান
চেয়ারম্যান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
গবেষণা ও উন্নয়ন শাখা
নিউ বেইলী রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং: ৫৭.২৫.০০০০.০১৭.১০.০০৭.২৪-১৪২

তারিখ: ১২ *সেপ্টেম্বর, ২০২৪*

উপরোক্ত পত্রের প্রেক্ষিতে ২০২৪ শিক্ষাবর্ষের দাখিল ষষ্ঠ থেকে নবম শ্রেণির শিখনকালীন মূল্যায়ন কার্যক্রম পরিচালনার সাধারণ নির্দেশনা এবং বার্ষিক পরীক্ষা গ্রহনের জন্য ষষ্ঠ, সপ্তম, অষ্টম ও নবম শ্রেণির সকল বিষয়ের মূল্যায়ন নির্দেশনা, সংক্ষিপ্ত পাঠ্যসূচি, প্রশ্নের কাঠামো, নম্বর বন্টন এবং নমুনা প্রশ্নপত্র (সংযুক্ত) অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানালো হলো।

অধ্যক্ষ/সুপার.....সরকারি/বেসরকারি মাদ্রাসা (সকল)

১২/০৯/২৪
মুহম্মদ হোসাইন
পরিদর্শক (সহকারী অধ্যাপক)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

বিতরণ:

১। জেলা প্রশাসক... (সকল)
২। উপজেলা নির্বাহী অফিসার... (সকল)
৩। জেলা অফিসার... (সকল)
৪। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার... (সকল)

} তাঁর আওতাধীন সকল মাদ্রাসায় নির্দেশনাসমূহ (সংযুক্ত) অনুসরণের অনুরোধসহ

সদয় অনুলিপি:

১। সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
২। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

Mr. Hossain, Insp.
Pl. take n/a.
11.9.2024

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা। স্বাক্ষর
প্রাপ্তি নং: ২২৬৩
তারিখ: ২২/০৯/২৪
পরিচালক (প্রশাসন / অর্থ/প্রশিক্ষণ / উন্নয়ন)
উপ-পরিচালক (প্রশাসন / অর্থ/প্রশিক্ষণ / উন্নয়ন)
সহকারী পরিচালক (সং / সিনিঃ মাদ্রাসা/প্রশাসন)
দাখিল / এবং মাদ্রাসা /অর্থ/অডি. / আইন
প্রশিঃ / শারীঃ গবেষণ / উন্নয়
নথিতে দিন
মহা-পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
৬৯-৭০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.nctb.gov.bd

**স্মারক নম্বর:** ৩৭.০৬.০০০০.৪০২.৭১.০৬৮.০২.৩৩

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
১১ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়: ২০২৪ শিক্ষাবর্ষের ষষ্ঠ থেকে নবম শ্রেণির শিখনকালীন মূল্যায়ন এবং বার্ষিক পরীক্ষা গ্রহণ প্রসঙ্গে**

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং.- ৩৭.০০.০০০০.০৯১.৩৯.০০১.২৪-৫১৮ তাং ০১.০৯.২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনার সদয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, ২০২৪ শিক্ষাবর্ষের শুরু থেকে সকল ধারার (সাধারণ, মাদ্রাসা ও কারিগরি) মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ষষ্ঠ থেকে নবম শ্রেণিতে জাতীয় শিক্ষাক্রম ২০২২ এর আলোকে শিখন-শেখানো এবং মূল্যায়ন কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। সূত্রোক্ত পরিপত্রের নির্দেশনার প্রেক্ষিতে মূল্যায়ন বিশেষজ্ঞ, টিটিসির কর্মকর্তা, শ্রেণিশিক্ষক, কারিকুলাম বিশেষজ্ঞগণের সমন্বয়ে কর্মশালার মাধ্যমে বিদ্যমান মূল্যায়ন পদ্ধতি পর্যালোচনা করে ২০২৪ শিক্ষাবর্ষের জন্য ষষ্ঠ থেকে নবম শ্রেণির শিখনকালীন মূল্যায়ন কার্যক্রম এবং বার্ষিক পরীক্ষার জন্য প্রশ্ন প্রণয়ন নির্দেশনা, সংক্ষিপ্ত পাঠ্যসূচি, প্রশ্নের কাঠামো, নম্বর বণ্টন এবং নমুনা প্রশ্নপত্র প্রণয়ন করা হয়। মূল্যায়ন নির্দেশনায় সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহ নিজস্ব তত্ত্বাবধানে নিজ নিজ শিক্ষক দ্বারা নির্দেশনা অনুসরণ করে শিখনকালীন মূল্যায়ন কার্যক্রম পরিচালনা এবং বার্ষিক পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন করবেন। প্রণীত প্রশ্নের সাহায্যে ২০২৪ শিক্ষাবর্ষের বার্ষিক পরীক্ষা গ্রহণ করবেন। এ সংক্রান্ত নির্দেশনা আপনার আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে জরুরিভিত্তিতে প্রেরণ এবং সে মোতাবেক শিখনকালীন এবং বার্ষিক পরীক্ষা গ্রহণের নির্দেশনা প্রদান করা প্রয়োজন। উল্লেখ্য যে, মাদ্রাসা এবং কারিগরি শিক্ষার ধারার বিশেষায়িত বিষয়সমূহ এবং সকল ধারার দশম শ্রেণির মূল্যায়ন কার্যক্রম পূর্বের ধারাবাহিকতায় পরিচালিত হবে।

এমতাবস্থায়, ষষ্ঠ থেকে নবম শ্রেণির জন্য প্রণীত মূল্যায়ন/পরীক্ষা নির্দেশনা, সংক্ষিপ্ত পাঠ্যসূচি, প্রশ্নের কাঠামো, নম্বর বণ্টন এবং নমুনা প্রশ্নপত্র আপনার অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে প্রেরণ এবং শিখনকালীন মূল্যায়ন পরিচালনা ও বার্ষিক পরীক্ষা গ্রহণের নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১. মূল্যায়ন কার্যক্রম পরিচালনার সাধারণ নির্দেশনা;
২. ষষ্ঠ, সপ্তম অষ্টম ও নবম শ্রেণির সকল বিষয়ের মূল্যায়ন নির্দেশনা, সংক্ষিপ্ত পাঠ্যসূচি, প্রশ্নের কাঠামো, নম্বর বণ্টন এবং নমুনা প্রশ্নপত্র।

১১-০৯-২০২৪
ড. এ কে এম রিয়াজুল হাসান
চেয়ারম্যান

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
২। মহাপরিচালক (অতিরিক্ত সচিব) , মহাপরিচালক এর দপ্তর , মাদরাসা শিক্ষা অধিদপ্তর;
৩। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং
৪। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর।

**স্মারক নম্বর:** ৩৭.০৬.০০০০.৪০২.৭১.০৬৮.০২.৩৩/১ (১২)

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
১১ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
২। সচিব , সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;
৩। সচিব, সচিবের দপ্তর , প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়;
৪। চেয়ারম্যান , চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা;
৫। উপদেষ্টার একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
৬। সিনিয়র সচিব এর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
৭। যুগ্মসচিব , সরকারি মাধ্যমিক অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
৮। সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;
৯। উপদেষ্টার একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), উপদেষ্টার দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়;
১০। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর , প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়;
১১। পরিচালক , মাধ্যমিক উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং
১২। প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব), আই সি টি সেল, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড।

১১-০৯-২০২৪
মোসাঃ নাজমা আখতার
সচিব

# ২০২৪ শিক্ষাবর্ষের শিখনকালীন মূল্যায়ন এবং বার্ষিক পরীক্ষা গ্রহণ সংক্রান্ত নির্দেশনা

শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র নং.- ৩৭.০০.০০০০.০৯১.৩৯.০০১.২৪.৫১৮ তারিখ ০১.০৯.২০২৪ এর প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক ২০২৪ শিক্ষাবর্ষের ষষ্ঠ, সপ্তম, অষ্টম ও নবম শ্রেণির শিখনকালীন মূল্যায়ন ও বার্ষিক পরীক্ষার জন্য সংক্ষিপ্ত পাঠ্যসূচি প্রণয়ন, প্রশ্নের ধারা ও মানবণ্টন সংশোধন ও পরিমার্জন করা হয়েছে। সাধারণ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ধারার মাধ্যমিক স্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ২০২৪ শিক্ষাবর্ষের ষষ্ঠ থেকে নবম শ্রেণির শিখনকালীন এবং বার্ষিক পরীক্ষা পরিমার্জিত মূল্যায়ন নির্দেশনার আলোকে অনুষ্ঠিত হবে। তবে মাদ্রাসা এবং কারিগরি শিক্ষার বিশেষায়িত বিষয়সমূহের এবং দশম শ্রেণির মূল্যায়ন কার্যক্রম পূর্বের ধারাবাহিকতায় অনুষ্ঠিত হবে।

**শিখনকালীন মূল্যায়ন এবং বার্ষিক পরীক্ষা পরিচালনার সাধারণ নির্দেশনা:**

১) ২০২৪ শিক্ষাবর্ষের ষষ্ঠ, সপ্তম, অষ্টম এবং নবম শ্রেণির শিখনকালীন মূল্যায়ন এবং বার্ষিক পরীক্ষা জাতীয় শিক্ষাক্রম ২০২২ এর আলোকে প্রণীত পাঠ্যপুস্তকের বিষয়বস্তুর ভিত্তিতে সম্পন্ন হবে।

২) মূল্যায়ন কার্যক্রম শিখনকালীন মূল্যায়ন এবং বার্ষিক পরীক্ষা দুটি ভাগে অনুষ্ঠিত হবে।

৩) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহ নিজস্ব তত্ত্বাবধানে শিক্ষকগণের দ্বারা শিখনকালীন মূল্যায়ন কার্যক্রম পরিচালনা এবং প্রদত্ত প্রশ্নপত্রের নমুনা অনুসরণ করে বার্ষিক পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন করবেন। তবে কোনোক্রমেই নমুনা প্রশ্নপত্র **হুবহু** ব্যবহার করা যাবে না। প্রণীত প্রশ্নের সাহায্যে নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ২০২৪ শিক্ষাবর্ষের বার্ষিক পরীক্ষা গ্রহণ করবেন।

৪) প্রতিটি বিষয়ের মূল্যায়ন কার্যক্রমের মোট নম্বর হবে ১০০। এর মধ্যে শিখনকালীন মূল্যায়নের গুরুত্ব (Weightage) হবে ৩০% এবং পরীক্ষার গুরত্ব (Weightage) হবে ৭০%। বার্ষিক পরীক্ষার ফলাফল প্রস্তুত করার ক্ষেত্রে বিষয়ভিত্তিক জিপি (GP) নির্ধারণ পদ্ধতি অনুসরণ করতে হবে।

৫) **শিখনকালীন মূল্যায়নের নির্দেশনা:**

- প্রতিটি বিষয়ের পাঠ্যপুস্তকে নির্দেশিত একক কাজ, জোড়ায় কাজ, পোস্টার প্রেজেন্টেশনসহ যাবতীয় কার্যক্রম শিখনকালীন মূল্যায়নের 'মূল্যায়ন আইটেম' হিসেবে বিবেচিত হবে। শিখনকালীন মূল্যায়ন পরিচালনার জন্য বিষয়ভিত্তিক নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- সংক্ষিপ্ত পাঠ্যসূচির আওতাধীন শিখনকালীন মূল্যায়নের যেসব কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন হয়েছে এবং যেগুলো সামনে সম্পন্ন হবে সেগুলোর রেকর্ড যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
- শিখনকালীন মূল্যায়নের যাবতীয় কার্যক্রম বার্ষিক পরীক্ষা শুরুর পূর্বেই সম্পন্ন করতে হবে।

৬) **বার্ষিক পরীক্ষার/মূল্যায়নের নির্দেশনা :**

- বার্ষিক পরীক্ষা সংক্ষিপ্ত পাঠ্যসূচি অনুযায়ী প্রতিটি বিষয়ে ১০০ নম্বরের লিখিত পরীক্ষার মাধ্যমে অনুষ্ঠিত হবে।
- লিখিত পরীক্ষার মোট সময় হবে ৩ ঘণ্টা।
- লিখিত পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়নের নির্দেশিকা, প্রশ্নের কাঠামো, মানবণ্টন 'বিষয়ভিত্তিক নির্দেশনায়' বিস্তারিত দেওয়া আছে।
- বিষয়ভিত্তিক নির্দেশনায় প্রদত্ত নমুনা প্রশ্নপত্র দেওয়া আছে।

৭) লিখিত পরীক্ষার উত্তর লেখার জন্য পূর্বের ন্যায় বিদ্যালয় কর্তৃক প্রয়োজনীয় খাতা সরবরাহ করতে হবে।

৮) **বার্ষিক ফলাফল প্রস্তুত করার ক্ষেত্রে বিষয়ভিত্তিক জিপি (GP) নির্ধারণ পদ্ধতি:**

- শ্রেণি উত্তরণের জন্য ষষ্ঠ থেকে নবম শ্রেণির শিক্ষার্থীদের বার্ষিক ফলাফল প্রস্তুত করার ক্ষেত্রে প্রতিটি বিষয়ের মোট নম্বর হবে ১০০। এই ১০০ নম্বরের মধ্যে ধারাবাহিক/ শিখনকালীন মূল্যায়নের Weightage হবে ৩০% এবং লিখিত বার্ষিক পরীক্ষার Weightage হবে ৭০%।
- যেহেতু প্রত্যেক বিষয়ে ধারাবাহিক/ শিখনকালীন মূল্যায়নের জন্য বরাদ্দকৃত মোট নম্বর ৩০ এবং লিখিত পরীক্ষার জন্য বরাদ্দকৃত মোট নম্বর ১০০, সেহেতু একজন শিক্ষার্থীর একটি বিষয়ের বার্ষিক ফলাফল প্রস্তুত করার ক্ষেত্রে ঐ বিষয়ের ধারাবাহিক/ শিখনকালীন মূল্যায়নে তার প্রাপ্ত নম্বরের সাথে লিখিত বার্ষিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ৭০% যোগ করে ঐ বিষয়ের বার্ষিক ফলাফল বা গ্রেড নির্ণয় করতে হবে।

- **উদাহরণ:** ধরা যাক, বাংলা বিষয়ে শিখনকালীন মূল্যায়নে মোট ৩০ নম্বরের মধ্যে শিক্ষার্থী **'ক'** এর প্রাপ্ত নম্বর ২৫ এবং লিখিত পরীক্ষার মোট ১০০ নম্বরের মধ্যে তার প্রাপ্ত নম্বর ৮০। বাংলা বিষয়ে তার বার্ষিক ফলাফল/গ্রেড নির্ধারণের ক্ষেত্রে তার ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত ২৫ নম্বরের সাথে লিখিত পরীক্ষায় প্রাপ্ত ৮০ নম্বরের ৭০% অর্থাৎ (৮০×৭০%) = ৫৬ যোগ করে বাংলা বিষয়ে তার প্রাপ্ত মোট নম্বর হবে (২৫+৫৬) = ৮১। বাংলা বিষয়ে শিক্ষার্থী **'ক'** এর জিপি (GP- Grade Point) হবে ৫.০০ এবং লেটার গ্রেড হবে $A^+$ ।
- **বিষয়ভিত্তিক ফলাফল প্রদানের ক্ষেত্রে নম্বরের পরিসর, গ্রেড পয়েন্ট ও লেটার গ্রেড**

| প্রাপ্ত নম্বর | গ্রেড পয়েন্ট | লেটার গ্রেড |
|---|---|---|
| ৮০-১০০ | ৫.০০ | $A^+$ |
| ৭০-৭৯ | ৪.০০ | A |
| ৬০-৬৯ | ৩.৫০ | $A^-$ |
| ৫০-৫৯ | ৩.০০ | B |
| ৪০-৭৯ | ২.০০ | C |
| ৩৩-৩৯ | ১.০০ | D |
| ০০-৩২ | ০.০০ | F |

- একটি বিষয়ে সর্বনিম্ন D গ্রেড পেলে ঐ বিষয়ে শিক্ষার্থীকে উত্তীর্ণ বলে বিবেচনা করা হবে। ৩ বা ততোধিক বিষয়ে কোনো শিক্ষার্থী D গ্রেড পেলে সে পরবর্তী শ্রেণিতে উত্তীর্ণ হতে পারবে না। তবে বিষয় শিক্ষকবৃন্দের সাথে আলোচনা সাপেক্ষে প্রতিষ্ঠান প্রধান বিশেষ বিবেচনায় তাকে পরবর্তী শ্রেণিতে উত্তরণের সুযোগ প্রদান করতে পারেন। বিশেষ বিবেচনার বিষয়টি শুধু ২০২৪ শিক্ষাবর্ষের জন্য প্রযোজ্য হবে।